

স্মারক নং- এসকেএস/২০/৪২০

২৫ এপ্রিল ২০২০ খৃঃ

অফিস স্মারক

এতদ্বারা এসকেএস ফাউন্ডেশনে কর্মরত সকল সহকর্মীবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সংস্থার ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক দেশব্যাপী করোনাভাইরাস রোগ (কোভিড-১৯) মোকাবেলা এবং এর ব্যাপক বিস্তার রোধকল্পে অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে বিগত সময়ে এ সংক্রান্ত অফিস স্মারকে ঘোষিত সাপ্তাহিক ছুটি ও সাধারণ ছুটির ধারাবাহিকতায় সংস্থার মাইক্রোফাইন্যান্স প্রোগ্রামের সকল ব্রাঞ্চ, এরিয়া, জোন ও ডিভিশন অফিসসহ সকল প্রকল্প অফিস, ঢাকা অফিস ও প্রধান কার্যালয় সরকার ঘোষিত ছুটির সাথে সাপ্তাহিক ছুটি সংযুক্ত করে আগামী ০৫ মে ২০২০ খৃঃ তারিখ পর্যন্ত ছুটি ঘোষণা করা হলো। এছাড়া অঙ্গসংগঠন সমূহ তাদের নিয়ম অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

উক্ত ছুটির সময়ে সকলকে নিম্নোক্ত নির্দেশনা সমূহ কঠোরভাবে মেনে চলার জন্য বলা হলো:

- করোনাভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধ ও এর প্রাদুর্ভাবজনিত যেকোনো জরুরী পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের লক্ষ্যে সংস্থা কর্তৃক অর্পিত দায়িত্ব পালনে সচেষ্ট থাকতে এই ছুটির সময়ে কর্মীদেরকে নিজ নিজ কর্মস্থলে/কর্মএলাকায় অবস্থান করতে বলা হলো।
- স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য বলা হলো।
- সার্বক্ষণিক অফিসিয়াল আইডি কার্ড রাখা এবং অফিসিয়াল মোবাইল সিম সচল রাখার জন্য বলা হলো।

সরকারি বিশেষ কোন নির্দেশনা না থাকলে আগামী ০৬ মে ২০২০ খৃঃ তারিখ থেকে যথারীতি নিয়মে সংস্থার সকল অফিসের কার্যক্রম শুরু হবে।

এ বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ

গভীর আন্তরিকতায়-



রাসেল আহমেদ লিটন

নির্বাহী প্রধান।

অনুলিপি:

- এসকেএস এর সকল অফিস
- নোটিশ বোর্ড
- অফিস কপি